


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




রোববার | ১৩ মার্চ ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ১৮৭ সংখ্যা | ২৮ ফাল্গুন ১৪২৮ সাল | ৯ শাবান ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটির মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল*

### প্রিমিয়ার ইউনিভার্সিটির মতবিনিময় সভায় শিক্ষা উপমন্ত্রী

# শুধু জ্ঞান বিতরণ নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের কাজ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে শিক্ষক-শিক্ষিকাদের ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মহিবুল হাসান চৌধুরী নওফেল। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং, বোরহানুল হাসান চৌধুরী সালেহিন প্রমুখ। সভার সঙ্গে ট্রাস্টিজের সদস্য হিসেবে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, নাট্যব্যক্তিত্ব নাসির উদ্দিন ইউসুফ ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন। স্বাগত বক্তব্য দেন, ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান।
শিক্ষা উপমন্ত্রী বলেন, শুধু জ্ঞান বিতরণ নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের কাজ। এজন্য গবেষণার প্রয়োজন। আমাদের শিক্ষার মান উর্ধ্বমুখী করার চেষ্টা আমরা করছি। শিক্ষার্থীদের অবশ্যই কর্ম উপযোগী শিক্ষা প্রদান করতে হবে।
উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিশ্ববিদ্যালয়সমূহের কাজ হলো জ্ঞান বিতরণ করা আর এই জ্ঞান হলো সভ্যতার ভিত্তি।
হাসিনা মহিউদ্দিন বলেন, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের সুনাম আশা করি আরো ছড়িয়ে যাবে।
রেমন্ড আরেং বলেন, শিক্ষকেরা জ্ঞান তৈরি করেন, জ্ঞান চর্চা করেন এবং জ্ঞান প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক এবং বিভাগীয় প্রধানগণ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: March 13 2022, Page: 3, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-03-13




চট্টগ্রাম রবিবার ১৩ মার্চ ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ৩১তম সংখ্যা । । ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ । । ৯ শাবান ১৪৪৩ হিজরি । । Sunday 13 March 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone







*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি*

### শিক্ষা উপমন্ত্রী নওফেলের অভিমত

# জ্ঞান অর্জন ও বিতরণ বিশ্ববিদ্যালয়ের কাজ

## প্রিমিয়ার ভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজের মতবিনিময় সভা

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সাথে ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। তিনি বলেন, জ্ঞান অর্জন ও বিতরণ বিশ্ববিদ্যালয়ের কাজ। এ জন্য গবেষণার প্রয়োজন । সভায় উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মিসেস হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং ও বোরহানুল হাসান চৌধুরী সালেহিন প্রমুখ। সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, নাট্যব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত নাসির উদ্দিন ইউসুফ । স্বাগত বক্তব্য রাখেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বিশ্ববিদ্যালয়সমূহের কাজ হলো জ্ঞান বিতরণ করা। আর এই জ্ঞান হলো সভ্যতার ভিত্তি।

হাসিনা মহিউদ্দিন বলেন, এবিএম মহিউদ্দিন চৌধুরীর স্বপ্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ শুধু বাংলাদেশে নয়, সারা বিশ্বে এই বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দেবেন। ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া এবিএম মহিউদ্দিন চৌধুরীকে স্মরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক এবং বিভাগীয় প্রধানগণ ।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 13 March 2022, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-03-13

রবিবার
চট্টগ্রাম
১৩ মার্চ ২০২২
২৮ ফাল্গুন ১৪২৮
৯ সাবান ১৪৪৩
বর্ষ-১০, সংখ্যা-৯০

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com /parkviewhospitalctg parkview.com.bd

শুভ সকাল: লন্ডনে বাংলায় লেখা হলো রেলস্টেশনের নাম
দশ কথার এক কথা: বিএনপি চায় দেশের মানুষ দরিদ্র থাকুক : তথ্যমন্ত্রী

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৬ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৬,৫৮৪ মৃত্যু ১,৩৬২
শেষ পাতায়: সিদ্ধান্ত পরিবর্তন, সাকিব কাল দক্ষিণ আফ্রিকা যাচ্ছেন




প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সভায় বক্তব্য দেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষা উপমন্ত্রী

# শুধু জ্ঞান বিতরণ নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের কাজ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১২ মার্চ বেলা ১১টায় বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে শিক্ষক-শিক্ষিকাদের ও বেলা ১২টায় কর্মকর্তা-কর্মচারীদের এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মিসেস হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং ও বোরহানুল হাসান চৌধুরী সালেহিন প্রমুখ। এই সভার সঙ্গে বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, নাট্যব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত নাসির উদ্দিন ইউসুফ ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন। স্বাগত বক্তব্য দেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

শিক্ষা উপমন্ত্রী বলেন, শুধু জ্ঞান বিতরণ নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের কাজ। এজন্য গবেষণার প্রয়োজন। আমাদের শিক্ষার মান উর্ধ্বমুখী করার চেষ্টা আমরা করছি। বস্তুত এই শিক্ষার মান উর্ধ্বমুখী করতে বা বৃদ্ধি করতে মনিটরিং ও এভ্যুল্যুয়েশন খুবই গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে সিলেবাসও হতে হবে আন্তর্জাতিক। শিক্ষার্থীদের অবশ্যই কর্ম উপযোগী শিক্ষা প্রদান করতে হবে। তাদের নতুন কিছু শেখার মানসিকতা অর্জন করতে হবে। তাদেরকে কর্ম উপযোগী হওয়ার জন্য প্রেজেন্টেশন ও যোগাযোগসহ বিভিন্ন দক্ষতাও আয়ত্তে আনতে হবে। ভবিষ্যতে শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে বিভাগভিত্তিক ও ক্লাস্টারভিত্তিক মতবিনিময় সভা আয়োজন করা হবে।

উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, পৃথিবীতে বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয় বেসরকারিভাবে। ইতালির বোলনা শহরে সর্বপ্রথম বেসরকারিভাবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল। তারপর থেকে আজ পর্যন্ত বিশ্বের মধ্যে বহু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়সমূহের কাজ হলো জ্ঞান বিতরণ করা আর এই জ্ঞান হলো সভ্যতার ভিত্তি। ড. অনুপম সেন কর্ম উপযোগী শিক্ষা, মানবিক শিক্ষা ও সম্পদমুখী শিক্ষা প্রভৃতির গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, মানুষকে মানুষের মর্যাদা দেওয়ার জন্য তাকে দারিদ্রমুক্ত, ক্ষুধামুক্ত করতে হয় এবং শিক্ষা দিতে হয়।

মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠার মাধ্যমে এবিএম মহিউদ্দিন চৌধুরী তাঁর স্বপ্ন পূরণ করেছেন। আশা করি, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ শুধু বাংলাদেশে নয়, সারা বিশ্বে এই বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দেবেন।

ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া আধুনিক উচ্চশিক্ষার বিষয় ও তার ব্যবহার সম্পর্কে বর্ণনা করেন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা এবিএম মহিউদ্দিন চৌধুরীকে স্মরণ করেন। নাসির উদ্দিন ইউসুফ বলেন, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের সহযোগিতা করা কর্মকর্তা-কর্মচারীদের প্রধান কাজ। রেমন্ড আরেং বলেন, শিক্ষকেরা জ্ঞান তৈরি করেন, জ্ঞান চর্চা করেন এবং জ্ঞান প্রদান করেন। বোরহানুল হাসান চৌধুরী সালেহিন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকাদের হাত ধরে অনেক শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ থেকে পাশ করে বেরিয়ে দেশে-বিদেশে প্রতিষ্ঠিত হয়েছে। রেজিস্ট্রার খুরশিদুর রহমান স্বাগত বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠার ইতিহাস তুলে ধরেন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির সম্প্রসারণের ধারাবাহিক বিবরণ দেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক এবং বিভাগীয় প্রধানরা। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 13 March 2022, Page: 3, Col: 1
https://epurbodesh.com/index.php?date=13-03-2022&page=3

চট্টগ্রাম • রোববার • ১৩ মার্চ ২০২২ • ২৮ ফাল্গুন ১৪২৮ • ৯ শাবান ১৪৪৩ | ৮ পৃষ্ঠা • মূল্য ৬ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ২০৪ | suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
গুণীদের সম্মান দিলেই গুণী সৃষ্টি হবে ৩

সংবাদ ৪
দেশকে উন্নত করতে সুশিক্ষার বিকল্প নেই



দেশগ্রাম ৫
উখিয়ায় চলছে বালি উত্তোলন মহোৎসব

বিনোদন
৬ বাংলাদেশে এসেই ভুল করলেন সানি লিওন!





প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি

# জ্ঞান সৃষ্টি করা বিশ্ববিদ্যালয়ের কাজ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১২ মার্চ বেলা ১১টায় বোর্ড অব ট্রাস্টিজের সঙ্গে শিক্ষক-শিক্ষিকাদের ও বেলা ১২টায় কর্মকর্তা-কর্মচারীদের এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি। সভায় বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মিসেস হাসিনা মহিউদ্দিন, রেমন্ড আরেং ও বোরহানুল হাসান চৌধুরী সালেহিন প্রমুখ। এই সভার সঙ্গে বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, খ্যাতিমান নাট্যব্যক্তিত্ব ও একুশে পদকপ্রাপ্ত নাসির উদ্দিন ইউসুফ ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন।

স্বাগত বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

শিক্ষা উপমন্ত্রী বলেন, শুধু জ্ঞান বিতরণ নয়, জ্ঞান সৃষ্টি করাও বিশ্ববিদ্যালয়ের কাজ। এজন্য গবেষণার প্রয়োজন। তিনি বলেন, আমাদের শিক্ষার মান উর্ধ্বমুখী করার চেষ্টা আমরা করছি। বস্তুত এই শিক্ষার মান উর্ধ্বমুখী করতে বা বৃদ্ধি করতে মনিটরিং ও এভ্যলুয়েশন খুবই গুরুত্বপুর্ণ। এক্ষেত্রে সিলেবাসও হতে হবে আন্তর্জাতিক।

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল কর্ম উপযোগী শিক্ষার উল্লেখ করে বলেন, শিক্ষার্থীদের অবশ্যই কর্ম উপযোগী শিক্ষা প্রদান করতে হবে। তাদের নতুন কিছু শেখার মানসিকতা অর্জন করতে হবে। তিনি আরও বলেন, ভবিষ্যতে শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে বিভাগভিত্তিক ও ক্লাস্টারভিত্তিক মতবিনিময় সভা আয়োজন করা হবে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির মতবিনিময় সভায় শিক্ষা উপমন্ত্রী

উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, পৃথিবীতে বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয় বেসরকারিভাবে। ইতালির বোলনা শহরে সর্বপ্রথম বেসরকারিভাবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল। তারপর থেকে আজ পর্যন্ত বিশ্বের মধ্যে বহু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। ড. অনুপম সেন কর্ম উপযোগী শিক্ষা, মানবিক শিক্ষা ও সম্পদমুখী শিক্ষা প্রভৃতির গুরুত্ব তুলে ধরেন। মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠার মাধ্যমে এবিএম মহিউদ্দিন চৌধুরী তাঁর স্বপ্ন পূরণ করেছেন। আশা করি, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ শুধু বাংলাদেশে নয়, সারা বিশ্বে এই বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দেবেন।

ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া আধুনিক উচ্চশিক্ষার বিষয় ও তার ব্যবহার সম্পর্কে বর্ণনা করেন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা এবিএম মহিউদ্দিন চৌধুরীকে স্মরণ করেন।

নাসির উদ্দিন ইউসুফ বলেন, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের সহযোগিতা করা কর্মকর্তা-কর্মচারীদের প্রধান কাজ। রেমন্ড আরেং বলেন, শিক্ষকেরা জ্ঞান তৈরি করেন, জ্ঞান চর্চা করেন এবং জ্ঞান প্রদান করেন।

বোরহানুল হাসান চৌধুরী সালেহিন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকাদের হাত ধরে অনেক শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ থেকে পাশ করে বেরিয়ে দেশে-বিদেশে প্রতিষ্ঠিত হয়েছে।

স্বাগত বক্তব্য দেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক এবং বিভাগীয় প্রধানগণ। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 13 March 2022, Page: 3, Col: 1
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-03-13